তারিখ 25 APR 2016
পৃষ্ঠা 6 কলাম 7

দৈনিক
আমাদের সময়

রাবি শিক্ষক খুন

# দ্রুত খুনি শনাক্ত করুন

এবার নিহত হলেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ড. এএফএম রেজাউল করিম সিদ্দিকী। বাসা থেকে মাত্র ১৫০ গজ দূরে রাস্তার ওপর কুপিয়ে হত্যা করা হয়েছে তাকে। মোটরসাইকেলে করে আসা হত্যাকারীরা ঘটনা ঘটিয়ে বীরদর্পে চলেও গেছে। গত এক যুগে এ নিয়ে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের চারজন অধ্যাপক খুন হলেন। পুলিশ তাৎক্ষণিকভাবে এই হত্যাকাণ্ডের কোনো কারণ জানাতে পারেনি। তবে হত্যাকাণ্ডের ধরন দেখে বলেছে, অন্যান্য ব্লগার ও অনলাইন অ্যাকটিভিস্টদের হত্যার সঙ্গে এই হত্যার মিল রয়েছে। একের পর এক হত্যাকাণ্ডে জঙ্গিরা তাদের সফলতার স্বাক্ষর রাখছে। শুধু জঙ্গিদের হামলা বা হত্যাকাণ্ডই নয়, সাধারণ আইনশৃঙ্খলা পরিস্থিতিরও চরম অবনতি হয়েছে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা কেন একের পর এক এভাবে নিহত হচ্ছেন? এর জন্য কি বিচারহীনতার সংস্কৃতিই দায়ী নয়? নিহত রেজাউল করিম আপাতদৃষ্টিতে ছিলেন একজন নির্বিরোধ ব্যক্তি। তিনি 'সুন্দরম' নামে একটি সাহিত্য পত্রিকা সম্পাদনা করতেন এবং একটি সাংস্কৃতিক সংগঠনের উপদেষ্টা ছিলেন। প্রশ্ন হচ্ছে, দেশের গোয়েন্দা পুলিশ করছে কী? তারা কি শুধু সন্দেহ করেই যাবে? অপরাধ কমাতে হলে অপরাধীদের দ্রুত শনাক্ত করে বিচারের মুখোমুখি করতে হবে। শাস্তি না হলে অপরাধীরা উৎসাহিত হয়। এই ব্যর্থতা কাটাতে না পারলে আইনশৃঙ্খলা পরিস্থিতি এক সময় নিয়ন্ত্রণের বাইরে চলে যাবে। আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যাক এটা কারোরই কাম্য নয়। আমরা রেজাউল করিম সিদ্দিকীসহ সকল হত্যাকাণ্ডে জড়িতদের গ্রেপ্তার এবং তাদের দ্রুত আইনের আওতায় নিয়ে আসার জোর দাবি জানাচ্ছি। আশা করছি আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নে সর্বাত্মক ব্যবস্থা গ্রহণ করা হবে।

> দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যাক এটা কারোরই কাম্য নয়। আমরা দ্রুত রেজাউল করিম সিদ্দিকীর হত্যাকারীদের গ্রেপ্তার এবং তাদের আইনের আওতায় নিয়ে আসার জোর দাবি জানাচ্ছি